

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
শাল্লা, সুনামগঞ্জ।  
shalla.sunamganj.gov.bd

স্মারক নং:-০৫.৪৬.৯০৮৬.০০০.০৮.০০১.২০২০- ৪২৫

তারিখ ০৫ জানুয়ারী ২০২১ খ্রি:  
২১ পৌষ ১৪২৭ বাংলা


## “উপজেলা ডিজিটাল সেন্টারে চুক্তিভিত্তিক উদ্যোক্তা নিয়োগ বিজ্ঞপ্তি”

এতদ্বারা জানানো যাচ্ছে যে, শাল্লা উপজেলা পরিষদ ডিজিটাল সেন্টার পরিচালনার জন্য ০১ (এক) জন মহিলা উদ্যোক্তা সম্পূর্ণ অস্থায়ী ও চুক্তিভিত্তিতে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নিয়োগ করা হবে। নিম্ন বর্ণিত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন এবং অত্র উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। উল্লেখ্য যে, উপজেলা ডিজিটাল সেন্টার পরিচালনার জন্য কোন প্রকার বেতন ভাতাদি প্রদান করা হবে না। সেবা প্রদানের মাধ্যমে অর্জিত অর্থ থেকে উপজেলা ডিজিটাল সেন্টার পরিচালনার ব্যয় নির্বাহ করতে হবে এবং অতিরিক্ত আয় উদ্যোক্তাগণ প্রাপ্য হবেন।

শর্তাবলী:

- ০১। প্রার্থীকে কমপক্ষে এইচ এস সি পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
- ০২। প্রার্থীর বয়স ২৫/০১/২০২১ খ্রি: তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা সন্তানগণের ক্ষেত্রে এ বয়সসীমা হবে ৩২ বছর।
- ০৩। কম্পিউটার প্রশিক্ষণ থাকতে হবে।
- ০৪। তথ্য-প্রযুক্তিতে আগ্রহী বা দক্ষতা থাকতে হবে।
- ০৫। স্ব-হস্তে লিখিত আবেদনপত্রে প্রার্থীর (ক) নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) বয়স (জ) জাতীয়তা (ঝ) ধর্ম (ঞ) শিক্ষাগত যোগ্যতা (ট) অভিজ্ঞতা (যদি থাকে) (ঠ) মোবাইল নম্বর (ড) ই-মেইল (ঢ) বিশেষ কোটার প্রার্থী হলে কোটার নাম উল্লেখ করতে হবে
- ০৬। এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী ও চুক্তি ভিত্তিক।

আগ্রহী প্রার্থীদের আগামী ২৫/০১/২০২১ খ্রি: তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর বরাবরে ছবি ও শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত কপিসহ পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

  
(মো: আল-মুজাদির হোসেন)  
উপজেলা নির্বাহী অফিসার  
শাল্লা, সুনামগঞ্জ।  
shalla.uno@gmail.com

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

- ১। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
- ২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ।
- ৩। চেয়ারম্যান উপজেলা পরিষদ, শাল্লা, সুনামগঞ্জ।
- ৪। চেয়ারম্যান ইউপি..... (সকল), শাল্লা, সুনামগঞ্জ কে বহল প্রচারের জন্য ইউনিয়ন পরিষদের ওয়েব সাইটে দেওয়ার জন্য অনুরোধ করা হলো।
- ৫। অফিস কপি।